

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৮১

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে দণ্ডের স্পষ্টিকরণের
বিষয়ে পত্রিকার নিজস্ব বক্তব্যের প্রতিবাদ

‘কাঞ্চনপুর হাসপাতালে রোগীর মৃত্যু ঘিরে উত্তেজনা’ এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১৬ অক্টোবর, ২০২৪ তারিখে প্রকাশিত সংবাদটি সম্পর্কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দণ্ডের পক্ষ থেকে স্পষ্টিকরণ দেওয়া হয়েছিল। সেই স্পষ্টিকরণের ভিত্তিতে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২২ অক্টোবর, ২০২৪ তারিখে ‘সংবাদের স্পষ্টিকরণ’ শিরোনামের অন্তর্গত দৈনিক সংবাদের ‘আমাদের বক্তব্য’ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দণ্ডের নজরে এসেছে। দণ্ডের পক্ষ থেকে পত্রিকায় প্রকাশিত ‘আমাদের বক্তব্যের’ প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, অমলেন্দু নাথ (৫৫) নামে ঐ রোগীকে গত ১৪ অক্টোবর বিকেল ৫.৩০ মিনিট নাগাদ মৃত অবস্থায় কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়েছিল। তখন সঙ্গে সঙ্গেই ইমার্জেন্সি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. সূচি চাকমা প্রয়াত অমলেন্দু নাথকে ২০ মিনিট কৃত্রিম শ্বাস দেওয়ার প্রক্রিয়া অর্থাৎ সিপিআর (Cardio Pulmonary Resuscitation) দেন। তারপরও অতিরিক্ত দশ মিনিট সিপিআর দেওয়া হয়। তাতেও সাড়া না মেলায় তাকে মৃত বলে ঘোষণা করেন তিনি। প্রয়োজনীয় বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন কর্তব্যরত চিকিৎসক।
